দৈনিক ইনকিলাব

তারিখ 27 APR 1993
পৃষ্ঠা ১ কলাম ৩

মোট আসনের সংখ্যা ১১ হাজার ১৭৮টি

# পাঁচটি বিশ্ববিদ্যালয় ও ১৩টি মেডিকেল কলেজে ভর্তির জন্য ১ লাখ ৩৮ হাজার আবেদনপত্র

*॥ ফরিদুজ্জামান ফরিদ ॥*

এসএসসি বা এইচএসসিতে তারকা খচিত রেজাল্টও এখন আর কারো কাঙ্ক্ষিত বিষয়ে ভর্তির নিশ্চয়তা দিতে পারে না। উচ্চ শিক্ষায় ভর্তি এখন তীব্র প্রতিযোগিতার ব্যাপার। দেশের উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে '৯২-৯৩ সেশনের ভর্তি প্রক্রিয়া শুরু হয়েছে। ভর্তির জন্য শীর্ষ স্থানীয় প্রতিষ্ঠানগুলোতে উচ্চ নম্বরের শর্ত জুড়ে দেয়া হলেও আবেদনপত্র জমা পড়েছে নির্ধারিত আসনের চেয়ে ১০ থেকে ৪০ গুণ বেশী।

এ পর্যন্ত ঢাকা, রাজশাহী, চট্টগ্রাম ও জাহাংগীরনগর এ চারটি সাধারণ বিশ্ববিদ্যালয়, প্রকৌশল বিশ্ববিদ্যালয় ও মেডিকেল কলেজসমূহের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে বা কোন কোন ক্ষেত্রে এখনও হচ্ছে। এ পাঁচটি বিশ্ববিদ্যালয় ও ১৩টি মেডিকেল কলেজের সর্বমোট ১১ হাজার ১শ' ৭৮টি আসনের জন্য প্রায় ১ লাখ ৩৮ হাজার আবেদনপত্র জমা পড়েছে। অবশ্য আবেদনকারীর প্রকৃত সংখ্যা এর চেয়ে কম। একই ছাত্র বা ছাত্রী একাধিক ক্ষেত্রে আবেদন করায় আবেদনপত্রের সংখ্যা এত বেড়েছে। ভর্তির জন্য প্রতি বছরের ন্যায় এবারও ঢাকা বিশ্ববিদ্যালয়ে সর্বোচ্চ সংখ্যক আবেদনপত্র জমা পড়ে। সর্বমোট ৩ হাজার ৭শ' ২৭টি আসনের জন্য এ বছর আবেদনপত্রের সংখ্যা ছিল ৪৬ হাজার ৯শ' ২৭টি। এছাড়া জাহাংগীরনগর বিশ্ববিদ্যালয়ের ৬শ' ৭৬টি আসনের জন্য ২৮ হাজার ২শ' ৯০টি, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ৩ হাজার ৯০টি আসনের জন্য ২৯ হাজার ৯শ' ৩৬টি এবং চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ১৮শ' আসনের জন্য ১৬ হাজার ১শ' ৫০টি আবেদনপত্র জমা পড়ে।

যে সব ছাত্র-ছাত্রী বিজ্ঞান বিভাগে পড়াশুনা করে তাদের বেশীর ভাগেরই লক্ষ্য থাকে মেডিকেল অথবা ইঞ্জিনিয়ারিং বিষয়ে পড়া। অথচ প্রকৌশল বিশ্ববিদ্যালয়সহ তিনটি ইঞ্জিনিয়ারিং কলেজ (বিআইটি) এবং তেরটি মেডিকেল কলেজে সর্বমোট আসন সংখ্যা ২ হাজার ৪শ' ২৫টি। এই অল্প সংখ্যক আসনের জন্য প্রতিযোগিতায় টিকতে না পেরে স্টার নম্বরধারী অনেক ছাত্র-ছাত্রীকেও প্রতি বছর ফিরে যেতে হয়।

দেশের মোট ১৩টি সরকারী মেডিকেল

শেষ পৃঃ ২-এর কঃ দেখুন

## ভর্তির জন্য আবেদনপত্র

প্রথম পৃষ্ঠার পর

কলেজে ভর্তির জন্য এ বছর ১২ হাজার ছাত্র-ছাত্রী পরীক্ষায় অংশ নিয়েছে। অথচ আসন রয়েছে মাত্র ১ হাজার ৩শ' ২৫টি।

আবেদনপত্র বাছাইয়ের পর এ বছর প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে ৪ হাজার ৭শ' ১৮ জন প্রার্থীকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হয়। ভর্তির জন্য সর্বমোট আসন রয়েছে ৫শ' ৬০টি। ইঞ্জিনিয়ারিং কলেজ (বিআইটি)-গুলোতে ভর্তি পরীক্ষা এখনো অনুষ্ঠিত হয়নি। জুন মাসে হবে বলে জানা গেছে।

এছাড়া ময়মনসিংহ কৃষি বিশ্ববিদ্যালয়েও এখনো ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়নি। মোট ৫শ' ৩০টি আসনের জন্য গত বছর এ বিশ্ববিদ্যালয়ে ৫ হাজার ৩শ' জন প্রার্থী ভর্তি পরীক্ষায় অংশ নিয়েছিল।

দেশের চারটি শিক্ষা বোর্ডে এবার ১ লাখ ৩৭ হাজার ৮শ' ৩৪ জন ছাত্র-ছাত্রী এইচএসসি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে। উচ্চ শিক্ষায় ভর্তির জন্য ছাত্র-ছাত্রীদের প্রথম পছন্দে রয়েছে বিশ্ববিদ্যালয়গুলো, ইঞ্জিনিয়ারিং এবং মেডিকেল কলেজসমূহ। অথচ দেশের মোট ৯টি বিশ্ববিদ্যালয়, ১৩টি মেডিকেল কলেজ এবং ৩টি ইঞ্জিনিনিয়ারিং কলেজ (বিআইটি)-এ সর্বমোট আসন সংখ্যা প্রায় ১৩ হাজার। সে ক্ষেত্রে অধিকাংশ ছাত্র-ছাত্রীকেই পছন্দের শিক্ষা প্রতিষ্ঠান থেকে ফিরে যেতে হবে।